DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 01:39 AM

সারাদেশ

# এসএসসির রেজাল্ট প্রকাশ ঘিরে মিষ্টির দোকানে অভিযান

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ১০ আগস্ট ২০২৬, ০১:৪৬ PM



ছবি ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হবে সোমবার (১০আগস্ট) সকাল ১০টায়। এ রেজাল্ট প্রকাশকে ঘিরে চাহিদা বাড়ে মিষ্টির।

রেজাল্টে ভলো ফল করা শিক্ষার্থী ও তাদের স্বজনরা প্রতিবেশিদের মিষ্টি খাওয়ানোর মাধ্যমে এই দিনটি উদযাপন করে। আর এজন্য যাতে ক্রেতারা স্বাস্থ্যকর মিষ্টি পায় এ লক্ষ্যে রবিবার ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন দোকানে অভিযান পরিচালনা করেছে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। অভিযানে কয়েকটি মিষ্টির দোকানকে ১ লাখ ৪০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন, ব্রাহ্মণবাড়িয়ার জেলা নিরাপদ খাদ্য অফিসার মো. আসিফুর রহমান।

অভিযান সূত্রে জানা যায়, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দুপুরে পৌর এলাকার প্রসিদ্ধ মিষ্টির দোকানগুলোতে অভিযান চালায়। এ সময় অস্বাস্থ্য

পরিবেশে মিষ্টি উৎপাদন, মিষ্টিতে মাছি ও পোকার উপস্থিতি, ঢাকনাবিহীন সংরক্ষণসহ নানা অনিয়ম পরিলক্ষিত হয়। এসব অসঙ্গতি দেখে নির্বাহী ম্যাজিস্ট্রেট এন এম কায়সার চারটি মিষ্টির দোকানকে ১ লাখ ৪০ হাজার টাকা জরিমানা করেন।

দোকানগুলো হলো- আদর্শ মাতৃ ভান্ডার, মেসার্স মধুরাজ, ভোলাগিরি মিষ্টান্ন ভান্ডার ও মহাদেব মিষ্টান্ন ভান্ডার কারখানা।

ব্রাহ্মণবাড়িয়ার জেলা নিরাপদ খাদ্য অফিসার মো. আসিফুর রহমান জানান, দেশে পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ হলে মিষ্টির চাহিদা বাড়ে। সোমবার এসএসসির ফল প্রকাশ হবে বিধায় এই পরিস্থিতির সৃষ্টি হবে। এ বিষয়টি মাথায় রেখেই অভিযান চালানো হয়।

---


## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/esessir-rejalt-prkash-ghire-mishtir-dokane-obhijan